

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|------------|--|
| সভাপতি | মোঃ মনজুর হাসান ভুইয়া পরিচালক (ফ্রেয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২২/০৩/২০২২ খ্রিঃ। |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | পরিচালক (ফ্রেয় ও বিপণন) মহোদয়ের দপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত ডিসেম্বর, ২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত কেন্দ্রীয় ইনোভেশন টিমের পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

ইনোভেশন টিমের সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক(পরিকল্পনা বিভাগ) সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন যথাক্রমে ১৬/০৩/২০২২, ২৫/০২/২০২২ এবং ৩০/১২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে ক্রিক নার্সারি এবং কাপ্তাই হুদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন নামক উদ্ভাবনী ধারণার অফিস আদেশ গত ২৯/০৯/২০২১ তারিখে জারি করা হয়। এছাড়াও সেবা সহজিকরণ এবং একটি সেবা ডিজিটাইজেশনের অংশ হিসেবে মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ সংক্রান্ত সেবাটি সহজিকরণ এবং চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশনের বিষয়ে অফিস আদেশ যথাক্রমে গত ২৯/০৯/২০২১ এবং ২৯/১২/২০২১খ্রিঃ তারিখে জারি করা হয়।

ইনোভেশন টিমের সদস্য ও হিসাব নিয়ন্ত্রক জানান যে, দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বৃদ্ধি করা অতীব জরুরী। তিনি আরো বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ই-নথির ব্যবহার ৬০% এর নিচে হলে কোনো নম্বর পাওয়া যাবে না। বর্তমানে কর্পোরেশনের মোট ফাইলের ৬২% ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়। এর পরিধি বৃদ্ধিকল্পে সকলকে সহযোগিতা করতে হবে।

কর্পোরেশনের অর্থ নিয়ন্ত্রক বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩০/৫/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা রয়েছে। এ ধরনের পরিদর্শন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের উদ্ভাবনী জ্ঞান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে।

সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর

লক্ষমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে সভা, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে।

সভাপতি মহোদয় কর্পোরেশনের সকল বিভাগে ই-নথিরব্যবহার বৃদ্ধি এবং কর্পোরেশনের সকল কার্যক্রম ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন টিমের সদস্যদেরকে নতুন উদ্যমে কাজ করার আহবান জানান এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ নিয়মিত অবলোকন করে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|----|--|
| ১। | উদ্ভাবনী ধারণাসমূহ, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশনের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে পর্যবেক্ষণ করতে হবে; |
| ২। | সব ধরনের পত্র ই-নথিতে উপস্থাপনের মাধ্যমে ই-নথি কার্যক্রম বৃদ্ধি করতে হবে; |
| ৩। | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক একটি কর্মশালা আগামী এপ্রিল ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে; |
| ৪। | ৩০/৫/২০২২ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনজুর হাসান ভুইয়া
পরিচালক (ক্রয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.৫৬

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :







- ১) যুগ্ম পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (৩ নং সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধসহ)
- ২) ব্যবস্থাপক (বাস্তবায়ন), বাস্তবায়ন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৩) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৪) হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৫) অর্থ নিয়ন্ত্রক, অর্থ বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৬) একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



মোঃ মনজুর হাসান ভুইয়া
পরিচালক (ক্রয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)

ইনোভেশন টিমের মার্চ ২০২২খ্রিঃ মাসের পর্যালোচনা সভায় উপস্থিতির তালিকা

সভার স্থান : পরিচালক (ক্রয় ও বিপণন) মহোদয়-এর দপ্তর।
তারিখ : ২২/০৩/২০২২খ্রিঃ
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---------|---|---|
| ১ | জনাব মুহাম্মদ হারুন-অর রশিদ যুগ্ম পরিচালক, বামউক, ঢাকা। |  ২২/০৩/২২ |
| ২ | জনাব মোঃ মাসুদুল আলম ব্যবস্থাপক, বাস্তবায়ন বিভাগ, বামউক, ঢাকা। |  ২২/০৩/২২ |
| ৩ | জনাব মোঃ শামসুজ্জামান ব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা। |  |
| ৪ | জনাব মোঃ রাজিবুল আলম হিসাব নিয়ন্ত্রক, বামউক, ঢাকা। |  ২২/০৩/২২ |
| ৫ | জনাব রওশনুল হক অর্থ নিয়ন্ত্রক, বামউক, ঢাকা। |  ২২/০৩/২০২২ |
| ৬ | জনাব মোঃ আইয়ুব আফনান অর্থ বিশ্লেষক, পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা। |  ২২/০৩/২০২২ |